

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd



স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৩.১৮-৯৬৭

অফিস আদেশ

তারিখঃ ২৩/০৬/২০২১ খ্রিঃ


জনাব রেখা রানী, স্বামীঃ মাইকেল মন্ডল, স্থায়ী ঠিকানা- গ্রামঃ রাখানগর, পোঃ আলোকদ্বীপ-৯২৬০, উপজেলাঃ পাইকগাছা, জেলাঃ খুলনা-কে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'তে মাঠ সংগঠক হিসেবে স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮-৭৯ তারিখঃ ০২/০৮/২০১৮ খ্রিঃ মূলে জারিকৃত আদেশে ইরেসপো প্রকল্প হতে কর্মসূচি'তে স্থানান্তর করা হয়। উল্লেখ্য, তিনি বিগত ২৩/১২/১৯৯৯ খ্রিঃ তারিখে নিয়োগপ্রাপ্ত হয়ে উক্ত উপজেলায় প্রথমে দমআক এবং পরবর্তীতে ইরেসপো প্রকল্পে মাঠ সংগঠক হিসেবে কর্মরত ছিলেন।

২। জনাব রেখা রানী, মাঠ সংগঠক (সাময়িক বরখাস্তকৃত ও বর্তমানে নড়াইল জেলা দপ্তরে সংযুক্ত) হিসেবে কালিয়া, নড়াইল উপজেলায় কর্মকালীন তাঁর ব্লকভুক্ত সমিতিসমূহের বিভিন্ন সদস্যর নামে বিতরণকৃত ঋণ এবং ঋণ ও সঞ্চয় বাবদ আদায়কৃত কিস্তি'র (সেবামূল্যসহ) অর্থ সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা না দিয়ে সর্বমোট ৮,০৯,৪২০.০০/- (আট লক্ষ নয় হাজার চারশত বিশ) টাকা হস্তমজুদ/আত্মসাৎ করার বিষয়টি তদন্তে প্রমাণিত হওয়ায় স্মারক নং ৪৭.৬২.০০০.৯৬৬.০০.০১৩.১৮-৬২৫ তারিখঃ ২২/০২/২০২১ খ্রিঃ মূলে সাময়িক বরখাস্ত করে নড়াইল জেলা দপ্তরে সংযুক্ত করা হয়। এছাড়া স্মারক নং ৪৭.৬২.০০০.৯৬৬.০০.০১৩.১৮-৬৩৬ তারিখঃ ০১/০৩/২০২১ খ্রিঃ মূলে বর্ণিত অভিযোগসমূহসহ হস্তমজুদ/আত্মসাৎ এর বিষয়ে তাকে ব্যাখ্যা তলব করা হয়।

৩। জনাব রেখা রানী, মাঠ সংগঠক স্মারক নং ৪৭.৬২.৬৫০০.৮৬০.১৮.০৯৭.২১.৯৪৬ তারিখঃ ১৪/০৩/২০২১ খ্রিঃ মূলে ৮,০৯,৪২০.০০/- (আট লক্ষ নয় হাজার চারশত বিশ) টাকা হস্তমজুদ/আত্মসাৎ এর বিষয়টি লিখিতভাবে স্বীকারোক্তি ও উক্ত অর্থ জমাদানের প্রমাণকসহ ব্যাখ্যা তলবের জবাব প্রদান করেন।

এমতাবস্থায়, জনাব রেখা রানী, মাঠ সংগঠক (সাময়িক বরখাস্তকৃত ও বর্তমানে নড়াইল জেলা দপ্তরে সংযুক্ত) হিসেবে কালিয়া, নড়াইল উপজেলায় কর্মকালীন তাঁর ব্লকভুক্ত সমিতিসমূহের বিভিন্ন সদস্যর নামে বিতরণকৃত ঋণ এবং ঋণ ও সঞ্চয় বাবদ আদায়কৃত কিস্তি'র (সেবামূল্যসহ) অর্থ সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা না দিয়ে সর্বমোট ৮,০৯,৪২০.০০ (আট লক্ষ নয় হাজার চারশত বিশ) টাকা হস্তমজুদ/আত্মসাৎ করার বিষয়টি প্রমাণিত হওয়ায় ও আত্মসাৎের বিষয়ে লিখিত স্বীকারোক্তি থাকায় পুনরায় কারন দর্শানো ব্যতিরেকে কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ পত্রের ২(ঙ) শর্তানুযায়ী তাঁর সাথে সম্পাদিত চুক্তি বাতিলপূর্বক কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্মসূচি'র স্বার্থে এ আদেশ জারি করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৩.১৮-৯৬৭


অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

তারিখঃ ২৩/০৬/২০২১ খ্রিঃ

১. জনাব রেখা রানী, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি (সাময়িক বরখাস্তকৃত ও বর্তমানে নড়াইল জেলা দপ্তরে সংযুক্ত)।
স্থায়ী ঠিকানা- স্বামীঃ মাইকেল মন্ডল, গ্রামঃ রাখানগর, পোঃ আলোকদ্বীপ-৯২৬০, উপজেলাঃ পাইকগাছা, জেলাঃ খুলনা
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ কালিয়া, জেলাঃ নড়াইল।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ কালিয়া, জেলাঃ নড়াইল।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইডে প্রকাশের জন্য)।
৫. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ নড়াইল।
৬. অফিস নথি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক